

💵 সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় : ই'তিকাফ রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

রোগ বা সফরের কারণে রমযানে ই'তিকাফ করতে না পারলে

উবাই ইবন কা'ব রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেন,

عَنْ أُبِيِّ بْنِ كَعْبٍ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ: «يَعْتَكِفُ الْعَشْرَ الْأَوَاخِرَ مِنْ رَمَضَانَ، فَسَافَرَ عَامًا، فَلَمَّا كَانَ مِنَ الْعَامِ الْمُقْبِلِ اعْتَكَفَ عِشْرِينَ يَوْمًا»

"নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রামাযানের শেষ দশ দিন ই'তিকাফ করতেন। কিন্তু এক বছর তিনি ই'তিকাফ করতে পারেন নি। ফলে পরবর্তী বছর তিনি বিশ দিন ই'তিকাফ করেন।"[1]

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেন,

«كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعْتَكِفُ فِي الْعَشْرِ الْأَوَاخِرِ مِنْ رَمَضَانَ فَلَمْ يَعْتَكِفْ عَامًا، فَلَمَّا كَانَ الْعَامُ الْمُقْبِلُ اعْتَكَفَ عِشْرِينَ»

"নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রামাযানের শেষ দশ দিন ই'তিকাফ করতেন। কিন্তু এক বছর তিনি ই'তিকাফ করতে পারেন নি। ফলে পরবর্তী বছর তিনি বিশ দিন ই'তিকাফ করেন।"[2]

ফুটনোট

- [1] তিরমিয়ী, হাদীস নং ৮০৩। ইমাম তিরমিয়ী রহ. বলেছেন, হাদীসটি হাসান সহীহ গরীব। ইবন মাজাহ, হাদীস নং ১৭৭০, আলবানী রহ. বলেছেন, হাদীসটি সহীহ। আবূ দাউদ, ২৪৬৩। ইবন হিব্বান, ৩৬৬৩, মুহাক্কিক শু'য়াইব আরনাউত বলেছেন, হাদীসটি মুসলিমের শর্ত অনুযায়ী সহীহ।
- [2] তিরমিয়া, হাদীস নং ৮০৩। ইমাম তিরমিয়া রহ. বলেছেন, হাদীসটি হাসান সহীহ গরীব। ইবন মাজাহ, হাদীস নং ১৭৭০, আলবানা রহ. বলেছেন, হাদীসটি সহীহ। আবূ দাউদ, ২৪৬৩, মুসতাদরাক হাকিম, ১৬০১, ইমাম হাকিম রহ. বলেছেন, হাদীসটি বুখারী ও মুসলিমের শর্তে সহীহ, তবে তারা তাখরিজ করেননি। ইবন হিব্বান, ৩৬৬৪, মুহাক্কিক শু'য়াইব আরনাউত বলেছেন, হাদীসটি মুসলিমের শর্ত অনুযায়া সহীহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10946

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন